**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বন্দুক সহিংসতা মহামারীর বিরুদ্ধে লড়াই করতে বিধিমালা প্যাকেজে স্বাক্ষর করেছেন

***বিধিমালা S.14A/A.613A হোসে ওয়েবস্টার আনট্রেসেবল ফায়ারআর্মস অ্যাক্ট প্রণীত করে; গোস্ট গান বিক্রয়কে অপরাধ বানাবে এবং বন্দুক নির্মাণকারীদের আগ্নেয়াস্ত্র ও অসম্পূর্ণ ফ্রেম বা রিসিভার অ্যাসেম্বল করার সময় নিবন্ধন আবশ্যক করে***

***বিধিমালা S.13A/A.2666A স্কট জে বেইগেল আনফিনিশড রিসিভার অ্যাক্ট প্রণীত করে; অসমাপ্ত ফ্রেম বা রিসিভার সাথে রাখা এবং বিক্রি নিষিদ্ধ করে***

***বিধিমালা S.7152/A.6522 'ছদ্মবেশী বন্দুকের' সংজ্ঞা সংশোধন করে এতে খেলনার মতো দেখতে নকশাকৃত বন্দুক যোগ করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে বন্দুক সহিংসতা মহামারীর বিরুদ্ধে লড়াই এবং নিউ ইয়র্ক সম্প্রদায়ে গোস্ট গানের কলঙ্ক ঠেকাতে বিধিমালার একটি প্যাকেজে স্বাক্ষর করেন। বিধিমালা S.13A/A.2666A লাইসেন্সধারী বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্রের ডিলার ছাড়া সকলের জন্য অসমাপ্ত ফ্রেম বা রিসিভারের মালিকানা নিষিদ্ধ করে বিধিমালা S.14A/A.613A গোস্ট গানের বিক্রি নিষিদ্ধ করে এবং বন্দুক নির্মাতা ও আগ্নেয়াস্ত্র ডিলারদের তাদের কাছে থাকা আগ্নেয়াস্ত্র নিবন্ধন করা আবশ্যক করে। বিধিমালা S.7152/A.6522 খেলনার মতো দেখতে নকশা করা আগ্নেয়াস্ত্রকে 'ছদ্মবেশী বন্দুকের' সংজ্ঞায় যোগ করে।

"বন্দুক সহিংসতা একটি জনস্বাস্থ্য ও জননিরাপত্তা সমস্যা যার সমাধান আগ্রাসীভাবে করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "সকল স্তরে অংশীদারদের সাথে কাজ করে, আমার প্রশাসন বিপজ্জনক আগ্নেয়াস্ত্র বিতরণ ও মালিকানা রোধে কাজ চালিয়ে যাবে এবং বন্দুক সহিংসতা মহামারীর ইতি টানবে।"

বিধিমালা S.13A/A.2666A লাইসেন্সধারী বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্রের ডিলার ছাড়া সকলের জন্য অসমাপ্ত ফ্রেম বা রিসিভারের বিক্রি নিষিদ্ধ করে। অসমাপ্ত রিসিভার আগ্নেয়াস্ত্রের নিচের অংশ তৈরিতে ব্যবহার হয় এবং সহজেই অন্যান্য অংশের সাথে যুক্ত করা যায়, এমনকি খুব সামান্য অভিজ্ঞতাসম্পন্ন কেউ একটি সম্পূর্ণ-কার্যকর সেমি-অটোম্যাটিক অস্ত্র বানিয়ে ফেলতে পারবে। এছাড়াও এটি লাইসেন্সধারী বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্রের ডিলার ছাড়া যে কারো জন্য সিরিয়ালবিহীন সম্পূর্ণ অস্ত্র এবং রিসিভারের মালিকানা ও বিক্রি নিষিদ্ধ করে।

"যদি আপনি বন্দুকের জন্য ব্যাকগ্রাউন্ড চেক পাশ ও করতে না পারেন, তাহলে আপনার বন্দুক রাখতে পারা উচিত না--এটিই শেষ কথা। অতি দীর্ঘ সময় ধরে, অসমাপ্ত রিসিভার লুপহোলের কারণে যে কেউ কোনো রকম ব্যাকগ্রাউন্ড চেক ছাড়াই একটি খুঁজে পাওয়া যাবে না এমন, অনিবন্ধিত এআর-15 বানানোর সমস্ত অংশ জোগাড় করতে পেরেছে, কিন্তু আজকে আমরা নিউ ইয়র্কে এই লুপহোলটি সর্বদা জন্য বন্ধ করার এক ঐতিহাসিক পদক্ষেপ নিচ্ছি," **সিনেটর আনা এম. কাপলান বলেন।** "আমি স্কট জে বেইগেল আনফিনিশড রিসিভার অ্যাক্টের পৃষ্ঠপোষক হতে পেরে গর্বিত কারণ আমি জানি এটি জীবন বাঁচাবে, ঠিক যেমনটি স্কট বেইগেল করেছিলেন যখন তিনি মার্জোরি স্টোনম্যান ডগলাস হাই স্কুলে (Marjory Stoneman Douglas High School) আক্রমণের সময় বন্দুকের গুলি থেকে তার শিক্ষার্থীদের রাখা করেছিলেন। আমি এই চেষ্টায় আমার অংশীদার, গভর্নর ক্যাথি হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, সিনেটর ব্র্যাড হোয়েলম্যান, অ্যাসেম্বলি সদস্য চাক ল্যাভিন, এবং অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেনথালের প্রতি কৃতজ্ঞ, এদের প্রত্যেকে আমাদের স্টেট যেন বন্দুক সহিংসতার কলঙ্কের বিরুদ্ধে লড়াই করতে পারে তা নিশ্চিত করতে অসাধারণ নেতৃত্ব দেখিয়েছেন। আর সবথেকে গুরুত্বপূর্ণ, আমি স্কট বেইগেলের মাতাপিতা, লিন্ডা ও মাইকেলকে ধন্যবাদ জানাতে চাই, কারণ তারা আমাদের সম্প্রদায়গুলি যাতে বন্দুক সহিংসতা থেকে নিরাপদ থাকে তা নিশ্চিত করার লড়াই কখনো ত্যাগ করেননি। "

"যখন বন্দুক সহিংসতার এক মহামারী মার্কিন যুক্তরাষ্ট্রকে গ্রাস করছে, তখন অ্যাসেম্বলিতে আমার পৃষ্ঠপোষকতা করা এই বিলটি সমর্থন ও স্বাক্ষর করার জন্য আমি আমার ভালো বন্ধু গভর্নর ক্যাথি হোকলকে সাধুবাদ জানাচ্ছি," **অ্যাসেম্বলিমেম্বার চার্লস লেভিন বলেন।** "আমাদের সম্প্রদায়ে খুঁজে পাওয়া যায় না এমন অস্ত্র দিয়ে ভরিয়ে ফেলে এমন বিপজ্জনক লুপহোল বন্ধ করার জন্য কাণ্ডজ্ঞান সম্পন্ন সংশোধন প্রণয়ন স্টেটের জন্য অবশ্যপালনীয়।নতুন আইন নিউ ইয়র্কের বিদ্যমান বন্দুক নিরাপত্তা আইন, যা ইতিমধ্যে দেশের সবথেকে কঠিনগুলির একটি, সেটিকে আরো জোরদার করে।এছাড়াও এটি আরো অনেক জবাবদিহিতা সৃষ্টি করে আমাদের সম্প্রদায় ও আমাদের সন্তানদের সুরক্ষা উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি করে।এর উদ্দেশ্য হল, ঠিক যেমনটি স্কট চেয়েছে, জীবন রক্ষা করা।"

বিধিমালা S.14A/A.613A গোস্ট গান বিক্রি নিষিদ্ধ করে এবং বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্রের ডিলারদের জন্য আগ্নেয়াস্ত্র ও অসম্পূর্ণ অস্ত্র নিবন্ধন ও সিরিয়াল গ্রহণ আবশ্যক করে। গোস্ট গান হলো এমন বন্দুক যা নিবন্ধিত নয় এবং যার সিরিয়াল নাম্বার নেই, যার ফলে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য এগুলি খুঁজে পাওয়া কঠিন হয় যায়। এই অস্ত্রগুলি প্রায়ই অপরাধ রেকর্ডসহ ক্রেতা বা আবশ্যক ফেডারেল ব্যাকগ্রাউন্ড চেক পাশ করবে না এমন লোকের হাতে চলে যায়।

"গত তিন বছরে, আমরা পুরো স্টেটে গোস্ট গান বাজেয়াপ্ত করার ক্ষেত্রে 479 শতাংশ বৃদ্ধি দেখেছি," **সিনেটর ব্র্যাড হোয়েলম্যান বলেন।** "আজকের স্বাক্ষরিত হোসে ওয়েবস্টার আনট্রেসেবল ফায়ারআর্মস অ্যাক্টের (Jose Webster Untraceable Firearms Act) কল্যাণে, আমরা গোস্ট গান বিক্রি ও মালিকানা নিষিদ্ধ করে এই বৃদ্ধিমান সমস্যার মোকাবেলা করছি, যাতে করে কেউ ব্যাকগ্রাউন্ড চেক পাশ না করে এইসব আগ্নেয়াস্ত্র কিনতে না পারে। আমি হোসে

ওয়েবস্টারের বোন নাথালি আর্জুর পক্ষসমর্থন ও সাহায্যের জন্য, সেই সাথে গুরুত্বপূর্ণ এই বিষয়ে তাদের নেতৃত্বের জন্য অ্যাসেম্বলি সদস্য রোজেনথাল, সিনেটর কাপলান, অ্যাসেম্বলি সদস্য লেভিন, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং গভর্নর হোকলের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ।"

"গোস্ট গানের জনপ্রিয়তা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে কারণ মানুষ ইন্টারনেট ব্যবহার করে ব্যাকগ্রাউন্ড চেক ও লাইসেন্স সংক্রান্ত নিউ ইয়র্কের কঠিন আইন ফাঁকি দিয়ে প্রাণঘাতী অস্ত্র জোগাড় করছে যেগুলি তারা নিজের বাড়ির আরাম ও গোপনীয়তায় গঠন করে নিতে পারছে," **অ্যাসেম্বলিমেম্বার লিন্ডা বি. রোজেনথাল বলেন।** "হোসে ওয়েবস্টার আনট্রেসেবল ফায়ারআর্মস অ্যাক্ট এবং সেই সাথে স্কট জে বেইগেলের আনফিনিশড রিসিভার অ্যাক্ট (Scott J. Beigel Unfinished Receivers Act) স্বাক্ষর করে এই গোস্ট গান লুপহোল বন্ধ করা আমাদের সম্প্রদায়গুলিকে আরো নিরাপদ রাখতে সাহায্য করবে। এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। ভবিষ্যতে বন্দুক সহিংসতা থেকে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে আরো বিধিমালা পাশ করানোর ব্যাপারে নির্বাহীর সাথে কাজ করতে আমি উন্মুখ।"

বিধিমালা S.7152/A.6522 লুকানো সম্ভব এমন এবং খেলনার মতো নকশা করা বন্দুককে 'ছদ্মবেশী বন্দুকের' সংজ্ঞায় যোগ করা হবে এবং এর প্রস্তুত, নকশা, বা বিক্রি নিষিদ্ধ করবে। যেসব অস্ত্র মারাত্মক আঘাত এবং মৃত্যুর কারণ হতে পারে কিন্তু দেখতে খেলনার মতো সেগুলি অন্যায্যভাবে বিভ্রান্তিকর, এবং এগুলি শিশুর নিরাপত্তা, যারা এটিকে খেলনা ভেবে ভুল করতে পারে, এবং জনগণ উভয়ের জন্য একটি পরিষ্কার হুমকিস্বরূপ।

"বন্দুক সহিংসতা মহামারী আমাদের স্টেট ও দেশের জীবন কেড়ে নিয়েছে, এবং আমরা সাম্প্রতিক বছরে এই সমস্যা শুধু বৃদ্ধি পেতেই দেখছি," **সিনেটর জন ব্রুকস বলেন।** "ছদ্মবেশী বন্দুক ঠেকাতে করা এই বিধিমালার মত সাধারণ কাণ্ডজ্ঞান সম্পন্ন ব্যবস্থা নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ। রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় , আমাদের সম্প্রদায়ে আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত থাকার সময়, স্কুলে শেখার সময়, বাড়িতে সময় কাটানোর সময় বা যেকোনো স্থানেই কারো বন্দুক সহিংসতার ভয় নিয়ে বাঁচতে হওয়া উচিত না। এই দ্বিপাক্ষিক করানোর জন্য স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেই সমর্থন প্রদান করেছে তার জন্য আমি কৃতজ্ঞ এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য তার অব্যাহত প্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

"এই অতি গুরুত্বপূর্ণ বিধিমালা, যা নিউ ইয়র্ক স্টেটে ছদ্মবেশী বন্দুক নকশা, প্রস্তুত ও সাথে রাখা নিষিদ্ধ করবে, তার পৃষ্ঠপোষক হতে পেরে আমি গর্বিত," **অ্যাসেম্বলিমেম্বার স্টিভ স্টার্ন বলেন।** "এই অস্ত্রগুলি আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে একটি বিপজ্জনক অসুবিধার সম্মুখীন করে যখন তারা একটি বন্দুকের নলের মুখোমুখি হয় এবং মুহূর্তে তাদের সিদ্ধান্ত নিতে হয় সেটি খেলনা নাকি সত্যিকারের অস্ত্র, একটি মুহূর্ত যা জীবন মৃত্যুর মধ্যে পার্থক্য করতে পারে। বিধিমালাটি আমাদের সম্পূর্ণ সম্প্রদায়কে সুরক্ষিত করবে এবং জীবন রক্ষা করবে।আমি আইনসভায় আমার সহকর্মীদের ধন্যবাদ জানাই এই বিধিমালার ব্যাপারে

তাদের দ্বি-পাক্ষিক সমর্থনের জন্য এবং এই জরুরি ব্যাপারে গভর্নর হোকলের দৃঢ় নেতৃত্বের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418